

তারিখ
পৃষ্ঠা ৭৪

ছাত্রীকে উত্ত্যক্ত করায় জলঢাকায় শিক্ষক সাসপেন্ডে ॥ জামায়াত চাপ দিচ্ছে পুনর্বহালের

নীলফামারী, ৪ আগস্ট, নিজস্ব সংবাদদাতা ॥ ছাত্রীকে প্রেমের প্রস্তাব দেয়ার অপরাধে জেলার জলঢাকা পাইলট উচ্চ বিদ্যালয়ের ইংরেজী শিক্ষককে সাময়িকভাবে বরখাস্ত করায় উক্ত এলাকার জামায়াতের নেতাকর্মীরা ঐ শিক্ষককে পুনর্বহালের জন্য চাপ প্রয়োগ করছে বলে অভিযোগ পাওয়া গেছে। অভিযোগে জানা গেছে, উক্ত স্কুলের ইংরেজী শিক্ষক ও ৫ সন্তানের জনক মোস্তাফিজার রহমান স্কুলেরই এক ছাত্রীকে প্রেমের ও বিয়ের প্রস্তাব দেয়। এ ঘটনা উক্ত ছাত্রী ফাঁস করে দিলে স্কুলের ছাত্রছাত্রীসহ বেশ কিছু শিক্ষক ওই শিক্ষকের বিচার দাবিতে বিক্ষোভ ও আন্দোলন শুরু করে। এ অবস্থায় বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি এক জরুরী বৈঠকে মিলিত হয়ে ২ আগস্ট উক্ত শিক্ষককে সাময়িকভাবে বরখাস্ত করে। এ ঘটনায় সেখানকার জামায়াতের নেতাকর্মীরা ক্ষিপ্ত হয়ে ওঠে এবং স্কুলের ম্যানেজিং কমিটিকে ওই শিক্ষককে পুনর্বহাল করার জন্য চাপ প্রয়োগ করছে। নাম প্রকাশে অনিচ্ছুক জনৈক ব্যক্তি অভিযোগে জানান, নীলফামারী ও আসনের জামায়াতের এমপি মিজানুর রহমান চৌধুরী নিজেও চাপ দিয়েছেন ওই শিক্ষককে চাকরিতে পুনর্বহালের জন্য। সূত্র মতে, ঐ শিক্ষক নিজেও একজন জামায়াতকর্মী। এদিকে জামায়াতের নেতাকর্মীদের এই চাপের হুমকিতে স্কুলের ছাত্রছাত্রীরা বলেছেন ওই শিক্ষককে পুনর্বহাল করা হলে তারা ব্যাপক আন্দোলনে নামতে বাধ্য হবে।